

আজ প্রকাশ হচ্ছে কামিল পরীক্ষার ফল

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ১০ মে ২০২৬, ১১:০৩



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের (ইআবি) ২০২৪ সালের কামিল (স্নাতকোত্তর) পরীক্ষার ফল আজ রোববার প্রকাশ করা হবে। শনিবার (৯ মে) বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক ও প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, গত ৩ জানুয়ারি সারা দেশে একযোগে কামিল (স্নাতকোত্তর) প্রথম ও দ্বিতীয় পর্বের পরীক্ষা শুরু হয়। পরীক্ষা শেষ হয় ৯ ফেব্রুয়ারি। দেশের ১৬৭টি কেন্দ্রে অনুষ্ঠিত এ পরীক্ষায় আল হাদিস, তাফসির, ফিকাহ ও আদব বিষয়ে মোট ৪২ হাজার ৩৩৯ জন শিক্ষার্থী অংশ নেন।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তরের সহকারী পরিচালক আবু সালেহ মুহাম্মদ মুসা জানান, আজ আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশের পর শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট এবং সংশ্লিষ্ট মাদরাসা থেকে ফলাফল জানতে পারবেন।